



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 12

Class: 4



Subject: Bengali Text (বন্ধু চেনা বিষম দায়)

Date: 04/09/2020

১। শেয়াল হরিণকে বিপদে ফেলার জন্য কী করেছিল ? হরিণ শেয়ালের কথামত কী করেছিল ?

উঃ শেয়াল হরিণকে বিপদে ফেলার জন্য একটি ক্ষেত ভরা ফসলের জায়গা দেখিয়েছিল। যাতে হরিণ নিয়মিত সেই ফসল খেতে গিয়ে জমির মালিকের নজরে পড়ে।

হরিণ শেয়ালের কথামত সেই ক্ষেতে গিয়ে ফসল খেতে লাগল আর ক্ষেত মালিকের নজরে পড়ল। ক্ষেতের মালিক হরিণকে ধরার জন্য ফাঁদ পাতল। হরিণ সেই ফাঁদে আটকা পড়ে গেল।

২। হরিণ বিপদে পড়ার পর শেয়ালকে বাঁচাতে বলায় শেয়াল কী উত্তর দিয়েছিল ?

উঃ হরিণ বিপদে পড়ার পর শেয়ালকে বাঁচাতে বলায় শেয়াল বলেছিল, 'হায় হায় বন্ধু, জালের বাঁধনগুলো তো পশুর নড়িভুড়ি দিয়ে তৈরি। আজ রবিবার। রবিবার তো আমি দাঁতে মাংস কাটি না। কাল সকালে কেটে দেব, কেমন? তুমি কোন চিন্তা করো না'। এই বলে সে কাছাকাছি গিয়ে লুকিয়ে রইল।

৩। কাকের কোন বুদ্ধি হরিণকে প্রাণে বাঁচিয়েছিল ?

উঃ হরিণকে বাঁচাবার জন্য তার বন্ধু কাক একটি বুদ্ধি দিয়েছিল। কাক বলেছিল তুমি পেট ফুলিয়ে পা গুলো টান টান করে মড়ার মতো শুয়ে থাকো। আমি যখন কা-কা করে ডাকব তখন তুমি ছুটে পালাবে। ক্ষেতের মালিক হরিণকে মড়ার মতো পড়ে থাকতে দেখে তার বাঁধনগুলো খুলে দিল। সুযোগ বুঝে কাক সেইসময় কা-

কা করে ডেকে উঠল ।হরিণ কাকের কা-কা ডাক শুনে ছুটে পালিয়ে গেল ।  
এইভাবে কাকের বুদ্ধিতে হরিণের প্রাণ বাঁচল ।

৪। ‘বিপদের সময়ই বন্ধু চেনা যায়’ ----ছোট একটি গল্পের উদাহরণ দাও ?

উঃ দুই বন্ধু আর এক ভালুক

দুই বন্ধু ছিল ।তারা একদিন এক জঙ্গলের মধ্যে দিয়ে যাবার সময় দূরে একটি ভালুক দেখতে পেল ।ভীষণ চেহারার ভালুক দেখে তাদের খুব ভয় লাগল ।তখন প্রাণের ভয়ে এক বন্ধু গাছে গিয়ে উঠল ।অন্য বন্ধুটা গাছে উঠতে জানত না ।সে শুনেছিল ভালুক মড়া মানুষ ছোঁয় না ।তাই সে মড়া মানুষের মতো শুয়ে পড়ল । ভালুকটি কাছে এসে তার দেহ শঁকতে লগল ।কিছুক্ষন পর ভালুকটি তাকে মড়া মানুষ মনে করে সেখান থেকে চলে গেল ।ভালুকটি চলে যাবার বেশ কিছুক্ষন পর অন্য বন্ধুটি গাছ থেকে নেমে, তার বন্ধুকে জিজ্ঞাসা করল , ভাই তোমার কানে কানে ভালুকটি কী কথা বলে গেল । দ্বিতীয় বন্ধুটি বলল ---ভালুকটি আমায় একটি দামী কথা বলে গেছে ,সে বলল—‘বিপদের সময়ই বন্ধুকে চেনা যায়’ ।